



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ডাকবাংলা নং ৩২৫
ঢাকা
বাংলাদেশ

www.bangladesh-bank.org.bd

কৃষি ঋণ বিভাগ
(পলিসি শাখা)

এসিডি সার্কুলার নং : ১৭

১৩ পৌষ, ১৪১৭

তারিখঃ-----
২৭ ডিসেম্বর, ২০১০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

সকল তফসিলী ব্যাংক

**আবাসিক/বাণিজ্যিক/শিল্প ও অন্যান্য কাজে ব্যবহৃত ভবনে
সোলার প্যানেল স্থাপনের জন্য ঋণ সুবিধা প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

আপনারা অবগত আছেন যে, চলমান বিদ্যুৎ সংকট মোকাবেলায় নবায়নযোগ্য জ্বালানীর ব্যবহার একটি ইতিবাচক ভূমিকা রাখতে পারে। জনস্বার্থ বিবেচনায়, নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে সোলার প্যানেল অন্তর্ভুক্তির বিষয়ে ইতোমধ্যে সরকার কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সংশ্লিষ্ট খাতে ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে সোলার প্যানেল স্থাপনকে উৎসাহিত করার উদ্দেশ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

(ক) বাণিজ্যিক ব্যাংকসমূহকে আবাসিক/বাণিজ্যিক/শিল্প ও অন্যান্য কাজে ব্যবহৃত ভবনে চাহিদার নিরিখে গ্রাহক পর্যায়ে দ্রুত ও সহজ পদ্ধতিতে সহনীয় সুদ হারে (সর্বোচ্চ ১০%) সোলার প্যানেল স্থাপনে ঋণ কার্যক্রম অধিকতর জোরদার এবং নিজস্ব স্কীম প্রবর্তন করতে হবে। এক্ষেত্রে ব্যাংকসমূহ প্রয়োজনে বাংলাদেশ ব্যাংকের বিদ্যমান পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণ করতে পারে।

(খ) উক্ত খাতে ঋণ প্রদানের জন্য ব্যাংকগুলো নিজস্ব তহবিল হতে ঋণের লক্ষ্যমাত্রা (Target) নির্ধারণপূর্বক (চলতি অর্থ বছর থেকে) এই বিভাগকে অবহিত করতে হবে।

(গ) সোলার প্যানেল স্থাপনে ব্যাংকসমূহ ঋণ প্রদানের ক্ষেত্রে ব্যাংকার - কাস্টমার সম্পর্কের ভিত্তিতে ডেট-ইকুইটি অনুপাত নির্ধারণ করবে।

(ঘ) সোলার প্যানেলের বিদ্যুৎ উৎপাদনের ক্ষমতার (Capacity) উপর ভিত্তি করে ব্যাংকসমূহ ঋণ সীমা নির্ধারণ করবে।

(ঙ) ঋণের পরিমাণ ও সোলার প্যানেলের বিদ্যুৎ উৎপাদন ক্ষমতার ভিত্তিতে সর্বোচ্চ ১০ বছর পর্যন্ত ঋণ পরিশোধের সময়সীমা নির্ধারণ করা যাবে।

(চ) জনসাধারণকে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে ব্যাংকগুলো নিজস্ব উদ্যোগে গণমাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

(ছ) গ্রাহক পর্যায়ে ঋণ সুবিধা পৌঁছানোর সুবিধার্থে গ্রাহক নির্বাচন, ঋণের প্রস্তাব তৈরিকরণ, মূল্যায়ন, মঞ্জুরী, ঋণ বিতরণ, মনিটরিং, আদায় ইত্যাদি সংক্রান্ত কাজে ব্যাংকসমূহ এনজিও/কোম্পানী/প্রতিষ্ঠানকে তাদের ডেলিভারী এজেন্ট/ইন্টারমিডিয়ারী হিসেবে ব্যবহার করতে পারবে।

উপরোক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(এস,এম, মনিরুজ্জামান)

মহাব্যবস্থাপক

ফোন নং: ৭১২০৯৪৭